BARNIA S.K.U.S. LTD.
Regn. No.- 91, Dated: 17.08.1928

Email: barniaskus1928@gmail.com
Phone: 9800895609 / 9641844691

VILL-SURENDRANATHPUR, P.O-BARNIA, P.S-PALASHIPARA, DIST-NADIA, W.B. PIN-741156

**Memo No: PACS/BARNIA/PUB/0010/2026-27** **Date: 01-08-2026**

# বিজ্ঞপ্তি

সমিতির অন্তর্ভুক্ত সকল স্বনির্ভর গোষ্ঠী (SHG)-এর সম্মানিত সদস্যাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Nadia District Central Co-operative Bank Ltd. কর্তৃক জারিকৃত মেমো নং-৫৩৬, তারিখ-১০.০৭.২০২৬ অনুযায়ী SHG Welfare Fund-এর বাৎসরিক সদস্য-প্রতি প্রিমিয়াম ₹৮০/- নির্ধারণ করা হয়েছে এবং উক্ত প্রিমিয়ামের বিপরীতে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী যোগ্য সদস্যদের বীমা দাবির (Insurance Claim) অর্থ প্রদান করা হবে।

এছাড়াও, ০৭.০৭.২০২৬ তারিখে দুপুর ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত সমিতির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ডেলিগেট সদস্যবৃন্দের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সমিতির অন্তর্ভুক্ত সকল স্বনির্ভর গোষ্ঠীর সদস্যাদের অতিরিক্ত আর্থিক সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১। ব্যাংক কর্তৃক নির্ধারিত ₹৮০/- বাৎসরিক SHG Welfare Fund প্রিমিয়ামের পাশাপাশি সমিতির নিজস্ব কল্যাণ তহবিল গঠনের জন্য সদস্য-পিছু অতিরিক্ত ₹৫০/- প্রিমিয়াম সংগ্রহ করা হবে।

২। ফলে, সমিতির অন্তর্ভুক্ত প্রত্যেক SHG সদস্যার মোট বাৎসরিক প্রিমিয়াম ₹১৩০/- (একশত ত্রিশ টাকা মাত্র) হবে।

৩। ব্যাংকের নিয়ম অনুযায়ী যে Insurance Claim প্রদান করা হবে, তার অতিরিক্ত হিসেবে সমিতির নিজস্ব তহবিল থেকে যোগ্য দাবিদারের পরিবারকে আরও ₹১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) অনুদান প্রদান করা হবে।

৪। এই অতিরিক্ত ₹১০,০০০/- অনুদান শুধুমাত্র ০১ আগস্ট ২০২৬ তারিখ বা তার পরবর্তীকালে সংঘটিত এবং দাখিলকৃত SHG Insurance Claim-এর ক্ষেত্রেই প্রযোজ্য হবে। ০১ আগস্ট ২০২৬ তারিখের পূর্বে সংঘটিত বা পূর্বেই জমাকৃত কোনো Claim-এর ক্ষেত্রে সমিতির পক্ষ থেকে এই অতিরিক্ত অনুদান প্রদান করা হবে না।

৫। উপরোক্ত সিদ্ধান্ত ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী সংশোধিত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

সমিতির অন্তর্ভুক্ত সকল স্বনির্ভর গোষ্ঠীর সদস্যাদের উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবগত থাকার এবং নির্ধারিত প্রিমিয়াম যথাসময়ে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

দ্রষ্টব্য: এই বিজ্ঞপ্তি শুধুমাত্র বার্ণিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের অন্তর্ভুক্ত স্বনির্ভর গোষ্ঠী (SHG)-এর সদস্যাদের জন্য প্রযোজ্য।

ধন্যবাদান্তে

**For, Barnia SKUS Ltd.**

**Secretary**

Secretary
Barnia S.K.U.S. Ltd.